# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

## ঢাকা বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৪০৭

তারিখ: ১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ / ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ

দশম শ্রেণির সকল শিক্ষার্থী (এসএসসি-২০২২), সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে,

১। মাধ্যমিক পরীক্ষা-২০২২ এর পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে **১ম** সপ্তাহের অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) দেওয়া হলো। উল্লেখ্য যে, ইতোমধ্যে উক্ত অ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা দশম শ্রেণির প্রত্যেক শাখার মেসেঞ্জার গ্রুপে দেওয়া হয়েছে।

২। **২২/০৬/২০২১ মঙ্গলবার** নিম্নলিখিত ছকের সময়সূচি অনুসারে **১ম** সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা, গণিত) **"সম্পূর্ণরূপে করোনা স্বাস্থ্যবিধি মেনে"** শুধুমাত্র অভিভাবক অথবা তাঁদের কোন প্রতিনিধিকে বিদ্যালয়ে এসে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো:

| সময় | শাখা | দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের নাম | কাউন্টার নং |
|---|---|---|---|
| সকাল ১০:০০- ১১:০০ | উল্কা | নাজনীন বিনতে ছাইদ, সহকারী শিক্ষক<br>রতন কান্তি মণ্ডল, সহকারী শিক্ষক | কাউন্টার নং-১ (কক্ষ নং- ১০৭) |
| | ধূমকেতু | মোঃ হাবিবুর রহমান, প্রভাষক<br>মোঃ মাহবুব আলম, সহকারী শিক্ষক | কাউন্টার নং-২ (কক্ষ নং- ১০৮) |
| দুপুর ১২:০০- ১:০০ | গ্যালাক্সি | ড. বাসুদেব ঘোষ, প্রভাষক<br>মোঃ জাকির হোসেন, সহকারী শিক্ষক (গ) | কাউন্টার নং-১ (কক্ষ নং- ১০৭) |
| | নীহারিকা | মোঃ নাছির উদ্দিন, সহকারী শিক্ষক<br>মোঃ আলাউদ্দীন মণ্ডল, সহকারী শিক্ষক | কাউন্টার নং-২ (কক্ষ নং- ১০৮) |

৩। ঐদিন দশম শ্রেণির অনলাইন শ্রেণিকার্যক্রম বন্ধ থাকবে। ২৩/০৬/২০২১ বুধবার থেকে যথারীতি অনলাইন শ্রেণিকার্যক্রম চলবে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৪০৭

তারিখ ১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ / ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

১. সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত শিক্ষকবৃন্দ
২. সম্মানিত সমন্বয়কারীবৃন্দ ১। ২। ৩। ৪। ৫।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর- ৩৭.০২.০০০০.১০৬.২৭(অংশ-১).০০১.২০-৭৩৭

তারিখ: ১৪/০৬/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে এ্যাসাইনমেন্ট ও মূল্যায়ন নির্দেশনা।**

কোভিড-১৯ অতিমারীর কারণে ১৮/০৩/২০২০ খ্রি. তারিখ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। ফলে ২০২১ শিক্ষাবর্ষের দশম শ্রেণির শিক্ষার্থীরা নির্ধারিত পাঠ্যসূচি অনুযায়ী স্বাভাবিক শ্রেণি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারেনি। তবে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়া অব্যাহত রাখতে সংসদ বাংলাদেশ টেলিভিশনে ধারাবাহিকভাবে শ্রেণি কার্যক্রম প্রচার করা হচ্ছে এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজেদের উদ্যোগে অনলাইন ক্লাস পরিচালনা করছে। এছাড়া শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় ২০২০ সাল থেকে ৬ষ্ঠ শ্রেণি থেকে ৯ম শ্রেণি পর্যন্ত এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২২ সালের এস.এস.সি পরীক্ষার জন্য পাঠ্যসূচিকে পুনর্বিন্যাস করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনয়নের জন্য এনসিটিবি কর্তৃক বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ (রুব্রিক্স) এ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে।

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মাধ্যমে তাদের অর্জিত শিখনফল মূল্যায়ন করা হবে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে কোন্ সপ্তাহে শিক্ষার্থীর কী মূল্যায়ন করা হবে সে বিবেচনায় এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করা হয়েছে। ১৪/০৬/২০২১ খ্রি. তারিখ থেকে গ্রিড অনুযায়ী এ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু হবে এবং পর্যায়ক্রমে প্রতি সপ্তাহের শুরুতে মাউশি'র ওয়েবসাইটে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজগুলো দিয়ে দেওয়া হবে এবং সপ্তাহ শেষে শিক্ষার্থীরা তাদের এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ শেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিয়ে (সরাসরি/অনলাইনে) নতুন এ্যাসাইনমেন্ট গ্রহণ করবে। এক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১০/০৩/২০২১ খ্রি. তারিখের ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০-৪৩১ নং স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তির নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকগণের স্বাস্থ্যবিধি অনুসরণ ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, কোভিড-১৯ অতিমারির কারণে দেশের যে সকল এলাকা কঠোর লকডাউন/বিধি-নিষেধের আওতায় রয়েছে সে সকল এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চলমান এ্যাসাইনমেন্ট বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জেলা/উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ প্রতিষ্ঠান প্রধানদের সাথে আলোচনার মাধ্যমে বাস্তব ভিত্তিক পদক্ষেপ গ্রহণ করবেন। যে কোনো পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধির নির্দেশনাসমূহ যেন কোনো ভাবেই উপেক্ষিত না হয়;
৩. শিক্ষার্থী কর্তৃক জমাকৃত এ্যাসাইনমেন্ট মূল্যায়নপূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;

| শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ই.আই.আই.এন ও ঠিকানা<br>গ্রুপ, শ্রেণি শাখা ও বিষয় | | | | | | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম. | রোল নং | শিক্ষার্থীর নাম | এ্যাসাইনমেন্টের শিরোনাম ও নং | গ্রহণের তারিখ | জন্ম তারিখ | প্রাপ্ত স্কোর (রুব্রিক্স অনুযায়ী) | | | | | | |
| | | | | | | | ৪ | ৩ | ২ | ১ | নম্বর | |
| | | | | | | | | | | | | |

৪. এ কার্যক্রমে শিক্ষার্থী যেন কোনো অনৈতিক চাপের মুখোমুখি না হয় তা লক্ষ্য রাখতে হবে; এক্ষেত্রে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে দ্রুততার সাথে তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. বিষয় ভিত্তিক শিক্ষকগণ এ্যাসাইনমেন্ট মূল্যায়ন করে শিক্ষার্থীদের সবল ও দুর্বল দিক চিহ্নিত করবেন এবং দুর্বল অংশটুকু উন্নয়নের পরামর্শ দিবেন।

**এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পর্কিত এ বিজ্ঞপ্তি নির্দেশক্রমে জারী করা হলো।**

১৪/০৬/২০২১

**(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)**
পরিচালক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন : ৪১০৫০২৮৫

# ২০২২ সালেরএসএসসিপরীক্ষার্থীদেরজন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিরভিত্তিতেপ্রণীতঅ্যাসাইনমেন্ট গ্রিড

| বিষয় | সপ্তাহ ও অ্যাসাইনমেন্ট নম্বর ও সংখ্যা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্টের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ম সপ্তাহ | ২য় সপ্তাহ | ৩য় সপ্তাহ | ৪র্থ সপ্তাহ | ৫ম সপ্তাহ | ৬ষ্ঠ সপ্তাহ | ৭ম সপ্তাহ | ৮ম সপ্তাহ | ৯ম সপ্তাহ | ১০ম সপ্তাহ | ১১শ সপ্তাহ | ১২শ সপ্তাহ | ১৩ সপ্তাহ | ১৪ সপ্তাহ | ১৫ সপ্তাহ | ১৬ সপ্তাহ | ১৭ সপ্তাহ | ১৮ সপ্তাহ | ১৯ সপ্তাহ | ২০ সপ্তাহ | ২১ সপ্তাহ | ২২সপ্তাহ | ২৩সপ্তাহ | ২৪সপ্তাহ | ২৫সপ্তাহ | |
| বাংলা | অ্যাসাইনমেন্ট ১ | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | অ্যাসাইনমেন্ট ৫ | | | | | অ্যাসাইনমেন্ট ৬ | | | | অ্যাসাইনমেন্ট ৭ | ৭ |
| ইংরেজি | | অ্যাসাইনমেন্ট ১ | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | অ্যাসাইনমেন্ট ৫ | | | অ্যাসাইনমেন্ট ৬ | | | অ্যাসাইনমেন্ট ৭ | | | ৭ |
| গণিত | অ্যাসাইনমেন্ট ১ | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | | অ্যাসাইনমেন্ট ৫ | | | | | | | ৫ |
| ধর্ম | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | ৪ |
| তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | | | | | ২ |
| ক্যারিয়ারশিক্ষা | | | | | | | | | | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | ২ |
| শারীরিকশিক্ষা | | | | | | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | ৩ |
| রসায়ন/ হিসাববিজ্ঞান/ ইতিহাস ও বিশ্বসভ্যতা | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | | | ৪ |
| পদার্থ/ব্যবসায় উদ্যোগ/ ভূগোল ও পরিবেশ | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | ৪ |
| জীববিজ্ঞান/ফিন্যান্স ও ব্যাংকিং/পৌরনীতি ও নাগরিকতা | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | ৪ |
| বাংলাদেশ ও বিশ্বপরিচয়/ বিজ্ঞান | | অ্যাসাইনমেন্ট ১ | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | | | অ্যাসাইনমেন্ট ৪ | | | | | | | ৪ |
| উচ্চতরগণিত/ কৃষিশিক্ষা/ গার্হস্থ্যবিজ্ঞান/ অর্থনীতি/ চারু ও কারুকলা | | | | | | | অ্যাসাইনমেন্ট ১ | | | | | | | | অ্যাসাইনমেন্ট ২ | | | | | | অ্যাসাইনমেন্ট ৩ | | | | অ্যাসাইনমেন্ট ৪ | ৪ |
| মোট | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ২ | ৫০ |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয়: বাংলাপত্র: প্রথম** | **বিষয় কোড: ১০১** | **স্তর: এসএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ননির্দেশনা (রুব্রিক্স) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ১ | ২ | ৩ |
| ০১ | ‘সুভা’ গল্প অনুসরণে বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতি অনুধাবন এবং তাদের প্রতি পরিবার ও সমাজের ভূমিকা নির্ধারণ | বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের প্রতি সংবেদনশীল হওয়ার গুরুত্ব ব্যক্ত করতে পারবে। | ১. বাক্-প্রতিবন্ধী সুভা তার পরিবার ও সমাজ থেকে যে আচরণ পেয়েছে এর বিবরণ। | ১ | সুভার প্রতি বিরূপ আচরণ | বিরূপ আচরণ শনাক্ত করতে পারা | বিরূপ আচরণ শনাক্ত করে ব্যাখ্যা করতে পারা | |
| | | | ২. সুভার প্রতি পরিবার ও সমাজের প্রত্যাশিত ইতিবাচক আচরণ। | ২ | প্রত্যাশিত ইতিবাচক আচরণ | প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করতে পারা | প্রত্যাশিত ইতিবাচক আচরণ উল্লেখ করে ব্যাখ্যা করতে পারা | |
| | | | ৩. তোমার চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতাসমূহ। | ৩ | চেনা/জানা একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের বেড়ে ওঠার প্রতিবন্ধকতা | ১-২টি প্রতিবন্ধকতা উল্লেখ করতে পারা | ৩-৪টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা | ৫-৬টি প্রতিবন্ধকতা উল্লেখপূর্বক ব্যাখ্যা করতে পারা |
| | | | ৪. ‘একজন বিশেষ চাহিদাসম্পন্ন মানুষেরও সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মন আছে।’ – মন্তব্যটি সুভা ও তোমার চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ। | ৪ | সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের সংবেদনশীল ও অনুভূতিপ্রবণ মনের পরিচয় | সুভা ও শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভুতি উল্লেখ করতে পারা | মানুষ ও সমাজের সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা | মানুষ, সমাজ ও পরিবেশ-প্রকৃতির সাপেক্ষে সুভার সংবেনশীল মনের সঙ্গে শিক্ষার্থীর চেনা/জানা বিশেষ চাহিদাসম্পন্ন মানুষের আবেগ-অনুভূতির তুলনা করতে পারা |

# ২০২২ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত　　　　বিষয় কোড: ১০৯　　　　স্তর: এসএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স): প্রশ্ন | নির্দেশনা | নম্বর |
|---|---|---|---|---|---|---|
| ০১ | যে কোনো বাস্তব সংখ্যা $x, y$ এবং $z$ এর জন্য $x+y+z=2$, $x^2+y^2+z^2=3$ এবং $xyz=4$ | ১। বীজগাণিতিক সূত্র প্রয়োগ করে বর্গ ও ঘনরাশির সম্প্রসারণ করতে পারবে।<br><br>২। উৎপাদকে বিশ্লেষণ করতে পারবে। | ক) $xy+z-1$ কে উৎপাদকে বিশ্লেষণ কর।<br>(প্রদত্ত তথ্যের সাহায্য নিয়ে $z$ প্রতিস্থাপন করে উৎপাদকে বিশ্লেষণ করবে।) | ক) | • সঠিকভাবে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করতে পারলে | ০২ |
| | | | | | • প্রদত্ত তথ্যে থেকে $z$ এর মান বসিয়ে সঠিকভাবে সরল করতে পারলে | ০১ |
| | | | খ) $(x-y)^2+(y-z)^2+(z-x)^2$ এর মান নির্ণয় কর।<br>( বর্গ সংবলিত সূত্র ব্যবহার করে $(x-y)^2+(y-z)^2+(z-x)^2$ এর মান নির্ণয় করবে।) | খ) | • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে সমাধান করে মান নির্ণয় করতে পারলে | ০৩ |
| | | | | | • সূত্র প্রয়োগ করে সঠিকভাবে $(xy+yz+zx)$ এর মান নির্ণয় করতে পারলে | ০২ |
| | | | | | • $2(x^2+y^2+z^2)-2(xy+yz+zx)$ পর্যন্ত লিখতে পারলে | ০১ |
| | | | গ) $x^3+y^3+z^3$ এর মান নির্ণয় কর।<br>(প্রথমে $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং প্রদত্ত তথ্যের ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করবে। এরপর $(x+y+z)$ ও $(x^2+y^2+z^2)$ গুণ করে এবং প্রাপ্ত তথ্য ব্যবহার করে $x^3+y^3+z^3$ এর মান নির্ণয় করবে।) | গ) | • প্রদত্ত তথ্যে ও প্রয়োজনীয় সূত্র ব্যবহার করে সঠিক মান নির্ণয় করতে পারলে | ০৩ |
| | | | | | • $(x+y+z)$ ও $(x^2+y^2+z^2)$ এর গুণফলকে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান ব্যবহার উপযোগী করতে পারলে | ০২ |
| | | | | | • $(x+y+z)$ ও $(xy+yz+zx)$ এর গুণ করে এবং উদ্দীপকের তথ্য ব্যবহার করে $x^2y+x^2z+xy^2+zy^2+z^2y+z^2x$ এর মান নির্ণয় করতে পারলে | ০১ |
| | | | ঘ) প্রমাণ কর যে, $\frac{1}{xy+z-1}+\frac{1}{yz+x-1}+\frac{1}{zx+y-1}=-\frac{2}{9}$<br>(হরগুলোর উৎপাদকে বিশ্লেষণের জন্য 'ক' এর সাহায্য নেয়া যেতে পারে। ) | ঘ) | • প্রদত্ত তথ্য ব্যবহার করে সঠিকভাবে প্রমাণ করতে পারলে | ০৪ |
| | | | | | • যোগফলের হরকে উদ্দীপক ব্যবহারের উপযোগী করতে পারলে | ০৩ |
| | | | | | • বামপক্ষের রাশিগুলো যোগ করতে পারলে | ০২ |
| | | | | | • হরগুলোর ২য় বা ৩য় টি উৎপাদক করতে পারলে | ০১ |